

১১ সচারাচর জিজ্ঞাসা :

sl. no	Question	Answer
১.	Autonomous Body, Semi Government Organization, Government Organization এবং State-Owned Enterprise (SOE) কাকে বলে?	Autonomous Body (স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান) Semi Government Organization (আধা সরকারি প্রতিষ্ঠান) State-Owned Enterprise (SOE) (সরকারি কর্পোরেশন) সরকার বিভিন্ন ধরনের সুনির্দিষ্ট কার্যাবলি সম্পাদনের জন্য আইনী বা অধ্যাদেশ এর অধীনে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ প্রতিষ্ঠা করে থাকে। স্বায়ত্বশাসিত সংস্থাগুলি তাদের নিজ নিজ পরিচালনা পর্ষদ কর্তৃক পরিচালিত হয়। যেমন: corporations, boards, institutes, authority, BTCL, NTC Ltd, BRTC etc. Government Organization (সরকারি প্রতিষ্ঠান) সরকারের কার্যক্রম পরিচালনার জন্য সরকারের নিজস্ব ক্ষমতাবলে সরকারি প্রতিষ্ঠানসমূহের অনুমোদন প্রদান করে।
২.	Autonomous Body বা SOE এর বাজেট কে প্রস্তুত করে ও কিভাবে পাশ হয়?	Autonomous Body বা SOE (স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান) স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বাজেট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানই প্রস্তুত করে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় অনুমোদন করে।
৩.	সরকারের তহবিল কয়টি কি কি? PL Account কি?	সরকারি তহবিল দু'টি। যেমন; (১) সংযুক্ত তহবিল (২) প্রজাতন্ত্রের সরকারি হিসাব। পার্সোনাল লেজার এ্যাকাউন্ট (PL Account) সরকারি প্রজাতন্ত্রের হিসাবের অন্তর্ভুক্ত। এই হিসাব পরিচালনাকারীকে সুনির্দিষ্ট পরিমাণ বাজেটের বিপরীতে সরকারি ক্যাশ হতে অর্থ উত্তোলনের সুযোগ দেওয়া হয়।
৪.	TSA কি এবং কে পরিচালনা করে?	TSA – Treasury Single Account- হলো সরকারের সকল আয় ব্যয় এবং জমা খরচের হিসাব এই হিসাবের অন্তর্ভুক্ত। বাংলাদেশ ব্যাংক TSA এর ক্যাশ আদান প্রদানের বিষয়টি পরিচালনা করে। অপরদিকে সিজিএ TSA এর মাধ্যমে সংগঠিত সকল transaction এর হিসাব সংরক্ষণ করে।
৫.	Wage & Means বলতে কি বুঝায়? এবং এর সুদের হার কত?	Wage & Means – উপায় ও উপকরণ – সরকারি লেনদেনের তাৎক্ষণিক ভারসাম্য রক্ষণের জন্য বাংলাদেশ সরকারের পক্ষে বাংলাদেশ ব্যাংক যে ঋণ প্রদান করে তা wage and means নামে পরিচিত। wage and means এর limit ৪০০০ কোটি টাকা। Wage & Means এর সুদের হার ব্যাংক রেইট।
৬.	অনুদান (Grant), ঋণ (Loan), Equity (মূলধন) এবং Share (শেয়ার) এর মধ্যে পার্থক্য কি?	অনুদান (Grant) হলো শর্তহীনভাবে সরকারের অধীনস্থ স্বায়ত্বশাসিত সংস্থা, SOE এবং বেসরকারি প্রতিষ্ঠান/কোন ব্যক্তিকে অফেরৎযোগ্য সহায়তা হিসেবে যে বরাদ্দ প্রদান করা হয় তা অনুদান। ঋণ (Loan) সরকার স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং SOE কে তাদের প্রয়োজন মিটানোর জন্য সুদসহ অসল ফেরতযোগ্য যে বরাদ্দ প্রদান করা হয় তা ঋণ। Equity (মূলধন) - সরকারি অধীনস্থ কোন প্রতিষ্ঠান/স্বায়ত্বশাসিত বা State-Owned Enterprise (SOE) কে তার মূলধন বৃদ্ধির জন্য ইকুয়িটি প্রদান করা হয়। উক্ত প্রতিষ্ঠান ইকুয়িটির বিপরীতে লভ্যাংশ প্রদান করে। Share (শেয়ার) – শেয়ার হলো মোট মূলধনের ছোট ছোট অংশ যা জনসাধারণের ক্রয় /বিক্রয়ের জন্য মার্কেটে ছাড়া হয়।
৭.	Project Grant & Grant to Organisation এর মধ্যে পার্থক্য কি?	Project Grant (প্রকল্প অনুদান) কোন সুনির্দিষ্ট প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে যে grant প্রদান করা হয় তা হলো Project Grant. Grant to Organisation (প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান) কোন প্রতিষ্ঠান/সংস্থার পরিচালনা ব্যয় নির্বাহ করার জন্য যে Grant দেওয়া হয় তা Grant to Organisation.
৮.	DSL কি?	DSL- Debt Service Liabilities – যে সকল স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ State-Owned Enterprise (SOE) তার কার্য পরিচালনা বা প্রকল্প বাস্তবায়নের জন্য সরকারের নিকট থেকে ঋণ গ্রহণ করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও অর্থ বিভাগের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয় এটাকে SLA (Subsidiary Loan Agreement) বলা হয়। উক্ত SLA অনুযায়ী গৃহিত ঋণ সুদ আসলে ফেরৎ প্রদানের জন্য যে সিডিউল তৈরি হয় তা DSL (Debt Service Liabilities).
৯.	Contingent liability বলতে কি বুঝায়?	Contingent liability- আনুষংগিক দায়- কোন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/SOE কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করা কালে সরকারের পক্ষে অর্থ বিভাগ ঋণ ফেরতদানের বিষয়টি নিশ্চিত করার জন্য প্রদেয় ঋণের granter হয়। এই সকল ঋণগুলিই সরকারের উপর Contingent liability. প্রকৃতপক্ষে ঐ প্রতিষ্ঠান যখন ঋণ পরিশোধে অপারগতা প্রকাশ করে তখন এই সকল ঋণ সরকারের প্রকৃত liability-তে পরিণত হয়।